ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৬৩০
জম্পুইজলা, ৮ জুলাই, ২০২৫

**জম্পুইজলায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উপর মহড়ার প্রস্তুতি**

আগামীকাল জম্পুইজলা মহকুমায় প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার উপর মহড়া অনুষ্ঠিত হবে। মহড়া জম্পুইজলা মহকুমা শাসকের কার্যালয় প্রাঙ্গণ, টাকারজলাস্থিত হোস্টেল পাড়া ও টাকারজলা সাউথ দ্বাদশমান বিদ্যালয় প্রাঙ্গণ এবং গোবিন্দ ঠাকুর পাড়া বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। আগামীকাল টাকারজলাস্থিত হোস্টেল পাড়া ও টাকারজলা সাউথ দ্বাদশমান বিদ্যালয় প্রাঙ্গণে এবং গোবিন্দ ঠাকুর পাড়া বিদ্যালয় প্রাঙ্গণে ভূমি ধ্বসের উপর মহড়া অনুষ্ঠিত হবে। এই মহড়াকে সফল করার লক্ষ্যে আজ বিকালে জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব আনন বৈঠক করেন। বৈঠকে জম্পুইজলা মহকুমা পুলিশ আধিকারিক স্নেহাশিস কুমার দেব, জম্পুইজলা ব্লকের অ্যাডিশনাল বিডিও বীরবাহাদুর রিয়াং, জম্পুইজলা ডিসিএম সুদীপ দেববর্মা, জম্পুইজলা ডিসিএম বিশ্বনাথ রায়, জম্পুইজলা ডিসিএম বেঞ্জামিন ডার্লং এবং অমৃত দেববর্মা এবং জম্পুইজলা মহকুমার অন্তর্গত বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

******